"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.৩২.০১২.১৮- ১১৫ তারিখ: ১৫ মে , ২০১৯খ্রিঃ।

**বিষয় : ভোটার তালিকা হালনাগাদ-২০১৯ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সহযোগিতা প্রদান ।**

সূত্র :(১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.৩১.০০১.১৮-৪৯২ তারিখ : ১৩ মে, ২০১৯খ্রি:
(২) নির্বাচন কমিশন সচিবালয়ের আধাসরকারি পত্র নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০০৮.১৯-২৪৫; তারিখ:২৫/০৪/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী ভোটার তালিকা হালনাগাদ-২০১৯ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে তাঁর প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে সার্বিক সহযোগিতা প্রদানের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক (২ পাতা)।

( প্রকৌ. মো: খুরশিদ আলম )
সহাকারী পরিচালক (পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

বিতরণ :

| | | |
|---|---|---|
| ১-৫ | । | অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ । |
| ৬-৫৫ | । | অধ্যক্ষ, সকল পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া। |
| ৫৬-১১৯ | । | অধ্যক্ষ, সকল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ |
| ১২০-১২৭ | । | আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল / ময়মনসিংহ/ রংপুর । |
| ১২৮ | । | অধ্যক্ষ/ সুপারিনটেনডেন্ট/ প্রধান শিক্ষক, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান। |

অনুলিপি :

| | | |
|---|---|---|
| ১-৫ | । | পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| ৬ | । | সিনিয়র সহকারী সচিব (প্র:অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়। |
| ৭ | । | ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)। |
| ৮ | । | প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা। |
| ০৯ | । | মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)। |
| ১০ | । | নথি। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
www.tmed.gov.bd.

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.৩১.০০১.১৮-৪৯২

তারিখঃ ৩০ বৈশাখ, ১৪২৬ / ১৩ মে, ২০১৯

**বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ-২০১৯ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সহযোগিতা প্রদান।**

সূত্রঃ নির্বাচন কমিশন সচিবালয়ের আধাসরকারি পত্র নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০০৮.১৯-২৪৫; তারিখ: ২৫/০৪/২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০১৯ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা মাদ্রাসার সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে সার্বিক সহযোগিতা প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে প্রাপ্ত আধাসরকারি পত্রের ছায়ালিপি নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।

১৩/৫/২০১৯

(এ. কে. এম. লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব (প্র. ও অর্থ)
☎: ৪১০৫০১৩০
sec1tmed@gmail.com

<u>বিতরণ:</u>

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন রোড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৫। পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, বোর্ড বাজার, গাজীপুর।

<u>অনুলিপিঃ</u>

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

হেলালুদ্দীন আহমদ
সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
ঢাকা॥বাংলাদেশ

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৮.১৯-২৪৫

তারিখঃ ১২ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
২৫ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

আমার সালাম ও শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনি অবহিত আছেন যে, নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি,২০১৯-এ ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও সুপারভাইজার কর্তৃক যাচাই কার্যক্রম ২৩ এপ্রিল ২০১৯ হতে পরবর্তী ৩(তিন) সপ্তাহ পর্যন্ত অথবা শুরুর তারিখের পরবর্তী ০৩(তিন) সপ্তাহ ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা হবে। উল্লেখ্য, ২০০৪ সালের ০১ জানুয়ারি অথবা তার পূর্বে যাদের জন্ম তাদের এবং বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তাদেরও নিবন্ধনের জন্য তথ্য সংগ্রহ করা হবে। প্রথম পর্যায়ে ১৩৫(একশত পঁয়ত্রিশ)টি উপজেলা/থানার তথ্যসংগ্রহ করা হবে। অবশিষ্ট উপজেলা/থানাসমূহের সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসারগণ স্থানীয়ভাবে তথ্য সংগ্রহ ও নিবন্ধন কার্যক্রমের সময়সূচি নির্ধারণ করবেন।

ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি-৪(৪) অনুসারে উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসারগণ বিভিন্ন সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা বা কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান, সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত কলেজ বা সমপর্যায়ের মাদ্রাসা, সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা মাদ্রাসার শিক্ষক/কর্মকর্তা/কর্মচারিদের নামের তালিকা সংগ্রহকরত: তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করবেন। তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারের দক্ষতা ও আন্তরিকতার উপর ভোটার তালিকার নির্ভুলতা অনেকাংশে নির্ভর করে। যেহেতু সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা মাদ্রাসার শিক্ষক/কর্মচারিদের একাজে নিয়োগ দেয়া হয়, সেহেতু কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা মাদ্রাসার শিক্ষক/কর্মকর্তা/কর্মচারিদের সার্বিক সহযোগিতা প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হলে এ' কর্মসূচি সফলভাবে সম্পন্ন করা সম্ভব হবে বলে নির্বাচন কমিশন মনে করে।

এমতাবস্থায়, ভোটার তালিকা হালনাগাদ-২০১৯ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা মাদ্রাসার সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে সার্বিক সহযোগিতা প্রদানের সানুগ্রহ নির্দেশ দানের জন্য বিনীত অনুরোধ করছি।

আন্তরিকভাবে আপনার

(হেলালুদ্দীন আহমদ)

জনাব মোঃ আলমগীর
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা